



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দপ্তর

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/ফাজিল-অধিভুক্তি/২০২১/১৫৭১১

তারিখ: ২৩ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

বেড়া ফাজিল মাদরাসা, ডাকঘর: বেড়া, উপজেলা: বেড়া, জেলা: পাবনা (মাদরাসা কোড: ১৩৪৫২, EIIN: ১২৫৩২১)-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর অধিভুক্তির বিষয়ে অধ্যক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর প্রথম সংবিধির ধারা ৪.(৪) 'ক' অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন, ১৭.১১.২০২৫ তারিখে অনুষ্ঠিত অধিভুক্তি কমিটির ১৪শ সভার সিদ্ধান্ত ও সুপারিশ, ১৯.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ২২তম সভার সিদ্ধান্ত-০৪ এবং ২০.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪০তম সভার অনুমোদনক্রমে উক্ত মাদরাসাকে ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরে ১৫.০৩.২০১৭ থেকে ১৬.১১.২০২৫ তারিখ পর্যন্ত ভূতাপেক্ষভাবে প্রাথমিক পাঠদানের মেয়াদ বৃদ্ধি এবং ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরে নিম্নবর্ণিত শর্তে ১৭.১১.২০২৫ থেকে ১৬.১১.২০২৯ তারিখ পর্যন্ত আগামী ০৪ (চার) বছরের জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত করা হলো:

শর্তসমূহ:

১. ফাজিলসহ সকল স্তরে শিক্ষার্থীদের সংখ্যা বৃদ্ধি ও শিক্ষার্থীদের পরীক্ষার ফলাফল আরো ভালো করতে হবে;
২. বছরে কমপক্ষে একবার দিনব্যাপী শিক্ষক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করতে হবে;
৩. লাইব্রেরির বুক কোডিং সিস্টেম অনুসরণ করে বইগুলো সুশৃংখলভাবে সংরক্ষণ, অনুসন্ধান ও পরিসংখ্যানের ব্যবস্থা করতে হবে;
৪. দৈনিক হাজিরা বইতে মাদরাসার শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের আগমন-প্রস্থান নিশ্চিত করতে হবে;
৫. মাদরাসার সার্বিক নিরাপত্তার জন্য সিসি ক্যামেরার ব্যবস্থা করতে হবে;
৬. ফাজিল স্তরের শ্রেণিকক্ষে পাঠদানের মান আরো উন্নত এবং ক্লাসে শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধির জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে;
৭. মাদরাসার পক্ষ থেকে বার্ষিক জার্নাল প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৮. শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের ছুটি রেজিস্টার সংরক্ষণ এবং মাদরাসায় ডিজিটাল হাজিরার ব্যবস্থা করতে হবে;
৯. দাপ্তরিক নথিপত্র ও তথ্যসমূহ সংরক্ষণে আরো যত্নবান হতে হবে;
১০. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সিলেবাসে উল্লিখিত রেফারেন্স বইসমূহ মাদরাসার লাইব্রেরিতে সংরক্ষণ করতে হবে;
১১. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তি নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে



(মো: জাহান উদ্দিন)

সহকারী মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ

বেড়া ফাজিল মাদরাসা


ডাকঘর: বেড়া, উপজেলা: বেড়া, জেলা: পাবনা

স্মারক নং-ইআবি/পরি/ফাজিল-অধিভুক্তি/২০২১/১৫৭১১

তারিখ: ২৩ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০;
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১;
৩. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা;
৪. প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
৫. সভাপতি, বেড়া ফাজিল মাদরাসা, ডাকঘর: বেড়া, উপজেলা: বেড়া, জেলা: পাবনা;
৬. অফিস নথি।



(মুহাম্মদ মশিউর রহমান)

সেকশন অফিসার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়